

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, নভেম্বর ২৮, ১৯৯৯ইং

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

ব্রহ্মপুর মন্ত্রণালয়

রাজনৈতিক শাখা-৪

প্রজ্ঞাপন

তারিখ: ২৫শে নভেম্বর, ১৯৯৯/১১ই অগ্রহায়ণ, ১৪০৬

এস. আর. ও নং-৩৪২-আইন/৯৯ইং বিবিধ-৭/৯১ (বাজ-৪) — যেহেতু সরকার জাতীয় সংসদ এর শূন্য আসন-৬৭, সিরাজগঞ্জ-৭, নির্বাচনী এলাকায় আগামী ৮-১২-৯৯ তারিখে অনুষ্ঠিতব্য উপ-নির্বাচনের সময় উক্ত নির্বাচনী এলাকার ভোটকেন্দ্রসমূহে শান্তি শৃঙ্খলা বজায় রাখার লক্ষ্যে লাইসেন্সধারী অন্ত মালিকদের উক্ত নির্বাচনী এলাকায় অন্তর্সহ চলাফেরা করার উপর জনস্বার্থে নিম্নেধাজ্ঞা আরোপ করা সমীচীন বলিয়া মনে করে;

সেহেতু Arms Act, 1878 (XI of 1878) এর section 17A এর sub-section (1) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, জনস্বার্থে, আগামী ৬-১২-৯৯ তারিখ দিবাগত মধ্যরাত হইতে ৯-১২-৯৯ তারিখ রাত ২৩.৫৯ ঘটিকা পর্যন্ত সময়ের মধ্যে লাইসেন্সধারী সকল অন্ত মালিকদের উক্ত নির্বাচনী এলাকায় অন্তর্সহ চলাফেরা করার উপর নিম্নেধাজ্ঞা আরোপ করিল। যাহারা এই আদেশ লংঘন করিবেন তাহাদের বিরুদ্ধে উক্ত section 17A এর sub-section (2)-তে বর্ণিত বাবস্থা গ্রহণ করা হইবে।

২। এই আদেশ নিম্নবর্ণিত ব্যক্তিদের ক্ষেত্রে প্রযোজ্য হইবে না, যথা:

- (ক) নির্বাচনে আইন শৃঙ্খলা রক্ষার সহিত সম্পৃক্ত শৃঙ্খলা বাহিনীর সকল সদস্য;
- (খ) বিভিন্ন সরকারী, আধা-সরকারী এবং বেসরকারী দণ্ড, প্রতিষ্ঠান ও ঢাপনাসমূহে নিয়োজিত সকল নিরাপত্তা প্রহরী।

ব্যাখ্যা : এই আদেশ "শৃঙ্খলা বাহিনী" বলিতে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১৫২ অনুচ্ছেদে সংজ্ঞায়িত শৃঙ্খলা বাহিনী।

রাষ্ট্রপতির আদেশসময়ে,
মোঃ আশিকুল ইক চৌধুরী
উপ-সচিব (রাজনৈতিক)।